

# **া** সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮২৭

الجهاد (کتاب الجهاد) अठ/ जिशेष

পরিচ্ছেদঃ ১৮/২৫. সারিয়্যা (ক্ষুদ্র যুদ্ধাভিযান)

بَابِ السَّرَايَا

### আরবী

حَدَّتَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّتَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ مُحَمَّدٍ الصَّنْعَانِيُّ، حَدَّتَنَا أَبُو سَلَمَةَ الْعَامِلِيُّ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ لأَكْتَمَ بْنِ الْجَوْنِ الْخُزَاعِيِّ " يَا أَكْتَمُ اغْنُ مَعَ غَيْرِ قَوْمِكَ يَحْسُنْ خُلُقُكَ وَتَكْرُمْ عَلَى لأَكْتَمَ بْنِ الْجُوْنِ الْخُزُاعِيِّ " يَا أَكْتَمُ اغْنُ مَعَ غَيْرِ قَوْمِكَ يَحْسُنْ خُلُقُكَ وَتَكْرُمْ عَلَى لأَوْقَائِكَ يَا أَكْتُمُ خَيْرُ الرُّفَقَاءِ أَرْبَعَةً وَخَيْرُ السَّرَايَا أَرْبَعُمِائَةٍ وَخَيْرُ الْجُيُوشِ أَرْبَعَةُ آلاَفٍ وَلَنْ يُغْلَبَ اثْنَا عَشَرَ أَلْفًا مِنْ قِلَّةٍ " .

#### বাংলা

১/২৮২৭। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আকসাম ইবনে জাওন আল-খুযাঈ (রাঃ) কে বলেনঃ হে আকসাম! তুমি তোমার সম্প্রদায় ব্যতীত অন্য সম্প্রদায়ের সাথে একত্রে জিহাদ করো, তাহলে তোমার চরিত্র সুন্দর হবে। তোমার সঙ্গীদের সাথে উত্তম ব্যবহার করো (বা সঙ্গীদের সম্মান করো)। উত্তম সঙ্গী চারজন এবং উত্তম সারিয়্যা (ক্ষুদ্র যুদ্ধাভিযান) হলো চারটি, যার সৈন্যসংখ্যা চারশত। চার হাজার সৈন্য সম্বলিত সেনাদল হলো উত্তম। আর ১২ হাজার সদস্যবিশিষ্ট সেনাদল সংখ্যা স্বল্পতার দরুন কখনো পরাজিত হবে না।

## **English**

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) said to Aktham bin Al-Jawn Al-Khuza'i:

"O Aktham! Fight alongside people other than your own, it will improve your attitude and make you generous to your companions. O Aktham, the best number of companions is four, the best number of troops on an expedition is four hundred, the best number of an army is four thousand, and twelve thousand will never be overpowered because of their small number."



## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৯৮৬, যইফ আল-জামি' আস- সগীর ৬৩৭৯, সহীহ আল-জামি' ৭৮৫০।

তাহকীক আলবানীঃ হাদিসের ২য় অংশ ব্যাতিত খুবই দুর্বল। কারণ ..... పేపీ অংশটি সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল মালিক মুহাম্মাদ বিন সানআনী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। সুলায়মান বিন আবদুর রহমান বলেন, তিনি সিকাহ। আবু হাতিম বিন হিব্বান তার থেকে হাদিস গ্রহন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫৫৭, ১৮/৪০৫ নং পৃষ্ঠা) ২. আবু উসামাহ আল-আমিলী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি মিথ্যুক, তিনি মিথ্যুর অভিযোগে অভিযুক্ত। আবু মুসহিব আল-গাসসানী বলেন, তিনি মিথ্যুর আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মিথ্যুর অভিযোগে অভিযুক্ত। ইমাম যাহাবী তাকে বর্জন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৪১২, ৩৩/৩৭৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন